Total No. of Printed Pages—8

## 2 SEM TDC BNLH (CBCS) C 3

## 2023

( May/June )

# BENGALI

( Core )

Paper : C–3

**( Bangla Kabya : Prachin, Madhya o Adhunik )**

*Full Marks* : 80
*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### প্রথম একক

( প্রাচীন বাংলা কাব্য )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় ১৯০৭ খ্রিস্টাব্দে কোথা থেকে 'চর্যাপদ'-এর পুঁথিটি সংগ্রহ করেছিলেন?

(খ) 'চর্যাচর্যবিনিশ্চয়'-এ সর্বমোট কতগুলি পদ বা গান আছে?

(গ) ‘‘উঞ্চা উঞ্চা পাবত তহিঁ বসই সবরী বালী।
মোরঙ্গ পীচ্ছ পরহিণ সবরী গীবত গুঞ্জরী মালী॥
উমত সবরো পাগল সবরো মা কর গুলী
গুহাডা তোহৌরি।’’

এখানে ‘পীচ্ছ’ শব্দের অর্থ কী?

(ঘ) ‘‘নগর বারিহিরে ডোম্বি তোহোরি কুড়িআ।
ছোই ছোই যাইসো বাহ্ম নাড়িআ॥
আলো ডোম্বি তোএ সম করিব ম সাঙ্গ।
নিঘিণ কাহ্ন কাপালি জোই লাঙ্গ॥’’

এই পদটির পদকর্তার নাম কী?

(ঙ) ‘‘লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ॥’’

এখানে ‘লুই’ শব্দটি কোন্ শব্দ থেকে উদ্ভূত?

২। সংক্ষেপে উত্তর দাও : ৪+৪=৮

(ক) ‘‘উঞ্চা উঞ্চা পাবত তহিঁ বসই সবরী বালী।
মোরঙ্গ পীচ্ছ পরহিণ সবরী গীবত গুঞ্জরী মালী॥
উমত সবরো পাগল সবরো মা কর গুলী
গুহাডা তোহৌরি।
ণিঅ ঘরিনী নামে সহজ সুন্দরী॥
ণাণা তরুবর মৌলিল রে গঅণত লাগেলী ডালী।
একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডল বজ্রধারী॥
তিআধাউ খাট পড়িলা সবরো মহাসুহে সেজি ছাইলি।
সবরো ভুজঙ্গ ণইরামণি দারী পেহ্ম রাতি পোহাইলী॥’’

এই পদটির মধ্য দিয়ে শবর দম্পতির প্রেম ও মিলনের যে চিত্র প্রকাশ পেয়েছে তা বর্ণনা কর।



( Continued )



(খ) ‘‘কাহেরে ঘিণি মেলি আচ্ছহু কীস।
বেঢ়িল হাক পড়অ চৌদীস॥
অপণা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ ন ছাড়অ ভুসুকু অহেরি॥
তিণ ন চ্ছুপই হরিণা পিবই ন পানী।
হরিণা হরিণীর নিলঅ ণ জাণী॥
হরিণী বোলঅ হরিণা সুণ হরিআ তো।’’

এই পদটির পদকর্তার নাম কী? এখানে ‘বৈরী’ শব্দের অর্থ কী? এই পদটির ভাবার্থ লেখ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ‘‘কাআ তরুবর পঞ্চ বি ডাল।
চঞ্চল চীএ পইঠো কাল॥
দিঢ় করিঅ মহাসুহ পরিমাণ।
লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ॥
সঅল সমাহিঅ কাহি করিঅই।
সুখ-দুখেতেঁ নিচিত মরিআই॥
এড়িএউ ছান্দক বান্ধ করণক পাটের আস।
সুনুপাখ ভিতি লাহুরে পাস॥
ভণই লুই আমৃহে ঝানে দিঠা।
ধমণ চমণ বেণি পাণ্ডি বইঠা॥’’

এই পদটির পদকর্তার নাম কী? এই পদটির মধ্য দিয়ে শরীরকে কীভাবে বৃক্ষের সঙ্গে তুলনা করেছেন তা বিস্তারিতভাবে আলোচনা কর।



( Turn Over )

(খ) "টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীত ভাত নাহি নিতি আবেসী॥
বেঙ্গ সংসার বড়হিল জাঅ।
দুহিল দুধু কি বেন্টে ষামাঅ॥
বলদ বিআএল গাবিআ বাঁঝে।
পিটা দুহিএ এ তিনা সাঁঝে॥
জো সো বুধী সোই নিবুধী।
জো সো চোর সোই সাধী॥
নিতি নিতি ষিআলা ষিহে ষম জুঝঅ।
ঢেন্ডণপাএর গীত বিরলে বুঝঅ॥"

পদকর্তা কী ছদ্মনামে পদটি রচনা করেছেন? এখানে 'ঢেন্ডণ' শব্দের অর্থ কী? এই পদটির মূল অর্থ প্রকাশ কর।

**দ্বিতীয় একক**

**( মঙ্গলকাব্য ও চৈতন্যজীবনী-কাব্য )**

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৬=৬

(ক) মুকুন্দরাম চক্রবর্তী কোন্ যুগের কবি ছিলেন?

(খ) বাল্যকালে বৃন্দাবনদাস কার শিষ্যত্ব গ্রহণ করেছিলেন?

(গ) বৃন্দাবনদাস সর্বপ্রথম কী নামে চৈতন্য-জীবনীকাব্য লিখেছিলেন?

(ঘ) কালকেতুর মাতার নাম কী?





(ঙ) "আজি কালকেতু যাহ ঘর।
কাষ্ঠ আন্য একভার একত্র শুধিব ধার
মিঠা কিছু আনিহ বদর॥"

উক্তিটি কার?

(চ) "মোচড়িয়া গোঁফ দুটা বান্ধিলেন ঘাড়ে।
এক শ্বাসে সাত হাঁড়ি আমানি উজাড়ে॥
চারি হাঁড়ি মহাবীর খায় খুদ জাউ।
ছয় হান্ডি মুসুরী সুপ মিশ্যা তথি লাউ॥"

এখানে কার খাওয়ার বর্ণনা দেওয়া হয়েছে?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) কালকেতুর নগর পত্তনের কাহিনী বর্ণনা কর।

(খ) মুরারীশীল চরিত্রটি বিশ্লেষণ কর।

(গ) "শাশুড়ি ননদী নাহি নাহি তোর সতা
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু করিস রাতা।"

কে, কাকে উদ্দেশ্য করে বলেছে? কী প্রসঙ্গে বলেছে তা উল্লেখ কর।

(ঘ) 'চৈতন্যভাগবত'-এ বিষ্ণুপ্রিয়া চরিত্রটির করুণ কাহিনী বর্ণনা কর।

(ঙ) বৃন্দাবনদাসকে 'চৈতন্যলীলার ব্যাস' কেন বলা হয় তা সংক্ষেপে লেখ।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে তৎকালীন সমাজ-জীবনের যে চিত্র পাওয়া যায় তা বর্ণনা কর।

(খ) বৃন্দাবনদাসের কাব্যপ্রতিভার পরিচয় দাও।

## তৃতীয় একক

## ( আধুনিক বাংলা কাব্য )

৭। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৬=৬

(ক) 'সোনার তরী' কাব্যটি কত সালে লেখা হয়েছিল?

(খ) 'বীরাঙ্গনা কাব্য'টি কোন্ ছন্দে লেখা?

(গ) শক্তিপদ ব্রহ্মচারীর 'কথার কথা' কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত?

(ঘ) "যেদিন প্রথমে তুমি এ শান্ত আশ্রমে
প্রবেশিলা, নিশাকান্ত, সহসা ফুটিল
নবকুমুদিনীসম এ পরাণ মম
উল্লাসে—"

এখানে কে শান্ত আশ্রমে প্রবেশ করেছিল?

(ঙ) "তবুও তো পেঁচা জাগে;
গলিত স্থবির ব্যাং আরো দুই মুহূর্তের ভিক্ষা মাগে
আরেকটি প্রভাতের ইশারায়—অনুমেয় উষ্ণ
অনুরাগে।"

পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?





(চ) "গুরুজন তুমি;
পড়িব বিষম পাপে গঞ্জিলে তোমারে।"

এখানে গুরুজন বলে কাকে সম্বোধন করেছেন?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৪×৩=১২

(ক) "... তব সিংহাসনে
বসিছে পুত্রহা রিপু—মিত্রোত্তম এবে,
সেবিছ যতনে তুমি অতিথি-রতনে—
কি লজ্জা! দুঃখের কথা, হায়, কব কারে?"

কে, কাকে উদ্দেশ্য করে বলেছে? কি প্রসঙ্গে বলেছে তা উল্লেখ কর।

(খ) "জানি—তবু জানি
নারীর হৃদয়—প্রেম-শিশু-গৃহ-নয় সবখানি;
অর্থ নয়, কীর্তি নয়, সচ্ছলতা নয়—
আরো এক বিপন্ন বিস্ময়
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে
খেলা করে।"

পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? এখানে কবির বেঁচে থাকার যে অবসাদের চিত্র প্রকাশ পেয়েছে তা লেখ।

(গ) 'যেতে নাহি দিব' কবিতাটির মধ্য দিয়ে মানবপ্রেমের যে অপূর্ব আর্তি ও ব্যঞ্জনা ফুটে উঠেছে তা ব্যক্ত কর।

(ঘ) কবি শক্তিপদ ব্রহ্মচারীর 'মনসামঙ্গল' কবিতাটির মূলভাব বুঝিয়ে লেখ।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা কর।

(খ) জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতাটির মধ্য দিয়ে যে প্রকৃতি ও প্রেমের চিত্র প্রকাশ পেয়েছে তা তুলে ধর।

★★★